দ্বিতীয় অধ্যায়

দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

বাংলাদেশের অর্থনীতি বৈশ্বিক মহামারি কোভিড-১৯-এর প্রভাব কাটিয়ে ঘুরে দাঁড়িয়েছে। ২০১৯-২০ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধি কোভিড-পূর্ব ২০১৮-১৯ অর্থবছরের ৭.৮৮ শতাংশ থেকে হ্রাস পেয়ে ৩.৪৫ শতাংশে দাঁড়ায়। পরবর্তী ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে প্রবৃদ্ধি ৬.৯৪ ও ৭.১০ শতাংশে উন্নীত হয়। কিন্তু ইউক্রেন-রাশিয়া সংকটের কারণে ২০২২-২৩ অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি কিছুটা বাধাগ্রস্ত হয়। সাময়িক হিসাব অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হবে ৬.০৩ শতাংশ। এসময়ে মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয় দাঁড়াবে যথাক্রমে ২,৬৫৭ মার্কিন ডলার ও ২,৭৬৫ মার্কিন ডলার। গত ২০২১-২২ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয় ছিল যথাক্রমে ২,৬৮৭ মার্কিন ডলার এবং ২,৭৯৩ মার্কিন ডলার। ২০২০-২১ অর্থবছরে কৃষি খাতের প্রবৃদ্ধি ছিল ৩.১৭ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরে দাঁড়িয়েছে ৩.০৫ শতাংশ। সাময়িক হিসাব অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে কৃষি খাতের প্রবৃদ্ধি দাঁড়াবে ২.৬১ শতাংশ। শিল্প খাতে ২০২০-২১ অর্থবছরে প্রবৃদ্ধি ছিল ১০.২৯ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরে হ্রাস পেয়ে ৯.৮৬ শতাংশে দাঁড়ায়। চলতি অর্থবছরে শিল্পখাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৮.১৮ শতাংশ। সেবা খাতের প্রবৃদ্ধি ২০২০-২১ অর্থবছরের ৫.৭৩ শতাংশ থেকে ২০২১-২২ অর্থবছরে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৬.২৬ শতাংশ, যা চলতি ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন অনুযায়ী, ২০২১-২২ অর্থবছর থেকে ০.৪২ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে ৫.৮৪ শতাংশে দাঁড়াবে। চলতি ২০২২-২৩ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী বৃহৎ কৃষি, শিল্প ও সেবা খাতের অবদান দাঁড়াবে যথাক্রমে ১১.২০ শতাংশ, ৩৭.৫৬ শতাংশ ও ৫১.২৪ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরে ছিল যথাক্রমে ১১.৬১ শতাংশ, ৩৬.৯২ শতাংশ এবং ৫১.৪৮ শতাংশ। সাময়িক হিসাবে ২০২২-২৩ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে জিডিপি'র ৭৩.৯৮ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরের তুলনায় হ্রাস পেয়েছে। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে ভোগব্যয় ছিল যথাক্রমে ৭৪.৬৬ শতাংশ ও ৭৪.৭৮ শতাংশ। ২০২০-২১ অর্থবছরে স্থূল অভ্যন্তরীণ সঞ্চয় ছিল জিডিপি'র ২৫.৩৪ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরে হ্রাস পেয়ে দাঁড়ায় ২৫.২২ শতাংশ। চলতি অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী স্থূল অভ্যন্তরীণ সঞ্চয় বৃদ্ধি পেয়ে দাঁড়াবে জিডিপি'র ২৬.০২ শতাংশে। একই সময়ে স্থূল জাতীয় সঞ্চয় জিডিপি'র ৩০.৭৯ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২০২১-২২ অর্থবছরে ২৯.৩৫ শতাংশে দাঁড়িয়েছে, যা চলতি অর্থবছরে বৃদ্ধি পেয়ে জিডিপি'র ৩০.২২ শতাংশে দাঁড়াবে। অন্যদিকে, ২০২২-২৩ অর্থবছরের বিনিয়োগ পূর্ববর্তী অর্থবছরের জিডিপি'র ৩২.০৫ শতাংশ থেকে সামান্য হ্রাস পেয়ে জিডিপি'র ৩১.২৫ শতাংশে দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

অর্থনৈতিক প্রবৃদ্ধি

বাংলাদেশের অর্থনীতি বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রভাব কাটিয়ে ঘুরে দাঁড়াতে সক্ষম হয়েছে। বিবিএস এর হিসাব অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হয় ৭.৮৮ শতাংশ, যা কোভিডকালীন সময়ে (২০১৯-২০ অর্থবছরে) হ্রাস পেয়ে ৩.৪৫ শতাংশে দাঁড়ায়। পরবর্তী ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে প্রবৃদ্ধি ৬.৯৪ ও ৭.১০ শতাংশে উন্নীত হয়। কিন্তু ইউক্রেন-রাশিয়া সংকটের কারণে ২০২২-২৩ অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি কিছুটা বাধাগ্রস্ত হয়। সাময়িক হিসাব অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হবে ৬.০৩ শতাংশ।

চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ (জিডিপি)

বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপির আকার দাঁড়িয়েছে ৪৪,৩৯,২৭৩ কোটি টাকা (৪৫৪ বিলিয়ন মার্কিন ডলার), যা পূর্ববর্তী ২০২১-২২ অর্থবছরের ৩৯,৭১,৭১৬ কোটি টাকা হতে ১১.৭৭ শতাংশ বেশি। ২০২২-২৩ অর্থবছরের মাথাপিছু জিডিপি পূর্ববর্তী অর্থবছরের ২,৩১,৮৬১ টাকা হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২,৫৯,৯১৯ টাকায়। অপরদিকে, পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জাতীয় আয় ২,৪১,০৪৭ টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২২-২৩ অর্থবছরে ২,৭০,৪১৪ টাকায় দাঁড়িয়েছে। মার্কিন ডলার হিসাবে ২০২২-২৩ অর্থবছরে মাথাপিছু জিডিপি পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জিডিপি ২,৬৮৭ মার্কিন ডলার হতে সামান্য হ্রাস পেয়ে ২,৬৫৭ মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এসময়ে মাথাপিছু

জাতীয় আয় দাঁড়িয়েছে ২,৭৬৫ মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২,৭৯৩ মার্কিন ডলার। ২০১৫-১৬ অর্থবছর থেকে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট এবং মাথাপিছু জিডিপি ও স্থূল জাতীয় আয় (জিএনআই) সারণি ২.১-এ উপস্থাপন করা হয়েছেঃ

সারণি ২.১ঃ চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই (ভিত্তি বছরঃ ২০১৫-১৬)

সূচক	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
জিডিপি (কোটি টাকায়)	২০৭৫৮২১	২৩২৪৩০৭	২৬৩৯২৪৮	২৯৫১৪২৯	৩১৭০৪৬৯	৩৫৩০১৮৫	৩৯৭১৭১৬	৪৪৩৯২৭৩
জিএনআই (কোটি টাকায়)	২১৭৩০৭৫	২৪০৪৫৫৭	২৭৪৪৭৯১	৩০৭২৩২৩	৩৩০১৭০১	৩৭১৫৯৯৭	৪১২৯০৬২	৪৬১৮৫২৯
জনসংখ্যা (কোটিতে)	১৫.৯৯	১৬.১৮	১৬.৩৭	১৬.৫৬	১৬.৭৪	১৬.৯১	১৭.১৩	১৭.০৭
মাথাপিছু জিডিপি (টাকায়)	১২৯৮২৮	১৪৩৬৯৮	১৬১২৭৪	১৭৮২৮০	১৮৯৩৬১	২০৮৭৫১	২৩১৮৬১	২৫৯৯১৯
মাথাপিছু জিএনআই (টাকায়)	১৩৫৯১১	১৪৮৬৫৯	১৬৭৭২৩	১৮৫৫৮৩	১৯৭১৯৯	২১৯৭৩৮	২৪১০৪৭	২৭০৪১৪
মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	১৬৫৯	১৮১৬	১৯৬৪	২১২২	২২৩৪	২৪৬২	২৬৮৭	২৬৫৭
মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে)	১৭৩৭	১৮৭৯	২০৪৩	২২০৯	২৩২৬	২৫৯১	২৭৯৩	২৭৬৫

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক।

জিডিপির হিসাব প্রাক্কলন

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জিডিপির হিসাব প্রাক্কলনের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। আন্তর্জাতিকভাবে সম্মত System of National Accounts (SNA) ফ্রেমওয়ার্ক অনুসরণ করে বিভিন্ন দেশ জিডিপি প্রাক্কলন করে। জিডিপি নিরূপণে তিনটি পদ্ধতি: উৎপাদন (Production Aproach), আয় (Income Approach) এবং ব্যয় (Expenditure Approach) পদ্ধতি ব্যবহৃত হয়। তবে বাংলাদেশ উৎপাদন ও ব্যয় ভিত্তিক জিডিপি প্রণয়ন করে।

উৎপাদন ভিত্তিতে জিডিপি প্রাক্কলনে অর্থনীতিকে ৩টি বৃহৎ খাত তথা: কৃষি, শিল্প ও সেবায় বিভক্ত করা হয়েছে। ২০০৫-০৬ ভিত্তি বছরের জিডিপি ১৫টি খাত নিয়ে গঠিত। কৃষি ও বনজ এবং মৎস্য-এ দুটি খাত সমন্বয়ে বৃহৎ কৃষি খাত গঠিত। আবার, খনিজ ও খনন, ম্যানুফ্যাকচারিং, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং নির্মাণ খাত নিয়ে বৃহৎ শিল্প খাত গঠিত। এছাড়া, পাইকারি ও খুচরা বাণিজ্য, যানবাহন ও মেরামত, হোটেল ও রেস্তোরাঁ, পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ, আর্থিক প্রাতিষ্ঠানিক সেবা, রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা, লোক প্রশাসন ও প্রতিরক্ষা, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সেবা এবং কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা খাতসমূহ নিয়ে বৃহৎ সেবা খাত গঠিত।

বর্তমান সময়ে অর্থনৈতিক কর্মকান্ডের ব্যাপক প্রসার বিশেষ করে সেবা খাতে নতুন নতুন খাত/উপখাত অর্থনীতিতে যুক্ত হয়েছে। ফলে, ২০১৫-১৬ ভিত্তিবছরের জিডিপিতে বিদ্যমান কয়েকটি খাতের পুনর্বিন্যাস এবং নতুন খাতসমূহ অন্তর্ভুক্তির ফলে বর্তমানে জিডিপি ১৯টি খাতের মূল্য সংযোজন ভিত্তিতে প্রাক্কলন করা হয়। সারণি ২.২-এ চলতি বাজার মূল্যে খাতভিত্তিক জিডিপি'র পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরা হলো:

সারণি ২.২ঃ চলতি বাজার মূল্য খাতভিত্তিক জিডিপি

(কোটি টাকায়)

খাত/উপখাত	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
ক. কৃষি	**২৭৯৫০৫**	**৩০১১৬৭**	**৩২৯৩৮০**	**৩৫৩৪৪৩**	**৩৮০৪৪৬**	**৪১০৬৬১**	**৪৪৫৫৩১**	**৪৮৬৩১৫**
১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ	২৭৯৫০৫	৩০১১৬৭	৩২৯৩৮০	৩৫৩৪৪৩	৩৮০৪৪৬	৪১০৬৬১	**৪৪৫৫৩১**	**৪৮৬৩১৫**
ক) শস্য ও শাকসবজি	১৩৮২৮০	১৪৮৬৬৯	১৬২৩৩৩	১৭৩৩৭৮	১৮৬১১৬	১৯৯৬৩১	২১৫৩৬৫	২৩৬৮৬৯
খ) প্রাণি সম্পদ	৪৬৬৫৫	৪৯৫১৬	৫৩১৮৬	৫৬২৯০	৫৯৭১৫	৬৩২৯৩	৬৭৩৯৯	৭৩৫৭১
গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা	৩৭১৮৮	৩৯৮৬৪	৪৩৫৬৩	৪৬৬৩৯	৫০৩৯৯	৫৫৯১৬	৬৩৭৪৮	৬৮২০৪
ঘ) মৎস্য সম্পদ	৫৭৩৮২	৬৩১১৮	৭০২৯৮	৭৭১৩৬	৮৪২১৬	৯১৮২২	৯৯০২০	১০৭৬৭২
খ. শিল্প	**৬৪৪৯৪০**	**৭২৬৩০৬**	**৮৪৪১০৬**	**৯৬৯৬২০**	**১০৪৩৪৫১**	**১১৭৬১২০**	**১৩৪৭২০৯**	**১৫১৯৪৮৮**
২। খনিজ ও খনন	৩৩০৫৩	৩৯৯৮৪	৪৪২৭৬	৫২৬১০	৫৫২২৪	৫৯১০২	৫৮৯১৬	৬২৯৪৩
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল	১১৪৭৮	১১৮০৭	১১৯৬৯	১২০৫৪	১১৬২১	১১৭৪৩	১১৪৯৪	১১৭০৫
খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা	২১৫৭৫	২৮১৭৭	৩২৩০৭	৪০৫৫৬	৪৩৬০৩	৪৭৩৫৯	৪৭৪২৩	৫১২৩৮
৩। শিল্প (ম্যানুঃ)	৪২২৩৮৭	৪৬৬৬০৬	৫৪৯০২৪	৬২৫৯৩৭	৬৫৩০৬৪	৭৪৯৬৫৯	৮৬৪৪৩৭	৯৮৩১১৩
ক) বৃহৎ শিল্প	২২১১৫২	২৩৭৮২৬	২৭৫৬৭৬	৩১১৮৫৮	৩১৮০৩৩	৩৫৭৩৫৭	৪২২৮৯৬	৪৭১৬৯৭

খাত/উপখাত	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প	১২৯১০৮	১৪৬৭২৪	১৭৩৮৫৮	১৯৮০৬৬	২০৮৬৯৬	২৪৮৯৯৯	২৭৩৫৮৭	৩১৭৫৮৩
গ) কুটির শিল্প	৭২১২৭	৮২০৫৬	৯৯৪৯০	১১৬০১৪	১২৬৩৩৫	১৪৩৩০২	১৬৭৯৫৪	১৯৩৮৩৩
৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা	২৪৫৫৫	২৯২৩৩	৩২৬২৫	৩৮১৪৪	৪৪৫২৩	৪৪৯০২	**৫০৪১৪**	**৫৬৫৩৪**
ক) বিদ্যুৎ	১৮৩১০	২২০১৪	২৪৬০৪	৩০২৩৯	৩৬৯২৬	৩৭০৯৬	৪২০৬২	৪৭৫৮১
খ) গ্যাস	৬২৪৪	৭২১৯	৮০২২	৭৯০৫	৭৫৯৬	৭৮০৬	৮৩৫১	৮৯৫৪
৫। পানি সরবরাহ; পয়নিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুর্নব্যবহার	২১০৩	২২৬৩	২৪৮৮	২৬৭৪	২৭৬১	২৯৬৮	৩৮০৯	৪৩৪৯
৬। নির্মাণ	১৬২৮৪৩	১৮৮২১৯	২১৫৬৯৩	২৫০২৫৫	২৮৭৮৮০	৩১৯৪৯০	৩৬৯৬৩৩	৪১২৫৪৮
গ. সেবা	**১০৬২৯৮৩**	**১১৯৪৩২০**	**১৩৪৩১১৭**	**১৫০০৭৮০**	**১৬৩৩১৫০**	**১৮১১০৩৮**	**২০২৭০৮৮**	**২২৬৮৫৩৫**
৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত	২৮৮৫১০	৩২৪৬৩২	৩৭৩৭১৬	৪১৮৩৯৫	৪৪৫৭৫৭	৪৯৭৬৫২	৫৬৭০৯৭	৬৪০৪৬৭
৮। পরিবহণ এবং সংরক্ষণ	১৫৮০৩০	১৭৮৭২২	১৯৭৮০৬	২১৯৭১১	২৩২২৫২	২৫৬২১৫	২৮৫২৭২	৩১৪১৩২
ক) স্থল পথ পরিবহণ	১৩৬৯৪২	১৫৫৩১৩	১৭২৬৩৫	১৯২৭০৬	২০৩৮৯৮	২২৬৮৮১	২৫৩৪২৯	২৭৯৫৫৩
খ) পানি পথ পরিবহণ	১২৯৪১	১৪৩২৮	১৫০৮৮	১৫৮৬৪	১৬৫৭১	১৭৪৭৫	১৮৪১৯	১৯৪০০
গ) আকাশ পথ পরিবহণ	১৬৬৭	১৮৯৯	২০৯৫	২২৫০	২৩০৪	২২৭৯	২৪২২	২৬০৬
ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা	৫৫৩৯	৬১৬৫	৬৮৭৭	৭৬৬৭	৮১৫৬	৮১৪১	৯৪৪৫	১০৮০৪
ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ	৯৪১	১০১৬	১১১২	১২২৪	১৩২৩	১৪৩৯	১৫৫৭	১৭৬৯
৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম	২৩৮৮৬	২৬৬৭০	৩০১০৬	৩৩৫৪৯	৩৬০১৫	৩৯৮৫৭	৪৪৪৫২	৫১০৫৩
১০। তথ্য ও যোগাযোগ	২৪৮৩৪	২৭২৬৪	২৯৪৬১	৩২২০৪	৩৫১০৭	৩৮৪৪৮	৪১৪২২	৪৬৯৩৪
১১। আর্থিক এবং বীমা কার্যক্রম	৬৫০৭২	৭২২৪৭	৮১৭২৩	৯৩২৯৭	১০৩২১৭	১১৫২৭১	১২৯৫৩৯	১৪৬১৬১
ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক)	৫৪৯৯৬	৬১০১৮	৬৯৩২৬	৭৯৪১৭	৮৮০৪৪	৯৮৪৫৭	১১০৮৭৮	১২৫২৯০
খ) বীমা	৬৩৪৩	৬৮২৬	৭৪৩৯	৮২০২	৮৮৫১	৯৬৪৩	১০৫৫৬	১১৬৯৬
গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম	৩৭৩৩	৪৪০৩	৪৯৫৮	৫৬৭৮	৬৩২২	৭১৭১	৮১০৫	৯১৭৫
১২। রিয়েল এস্টেট কার্যক্রম	১৯২৫০৯	২১৪১৫১	২৩৫৯৯০	২৬০৭১৫	২৮৮০০১	৩১৩০২৯	৩৪০১৮২	৩৬৬১০০
১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম	৩৯০৬	৪২৮২	৪৭১৪	৫১৭৯	৫৬৫৬	৬২৭৩	৬৯৪২	৭৮২৪
১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম	১৪২৪৪	১৫৭২২	১৭২৬৯	২০০১৭	২৩০০৫	২৭১৩৮	৩১১৩৬	৩৭৮৬৮
১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা	৬৬৭৩০	৭৮৪৬৩	৯০২৪৯	৯৯০০৬	১০৬৯৬৫	১১৬৯৯৬	১২৭৩৬৬	১৪৩৭১৭
১৬। শিক্ষা	৫৪৪৭৯	৬০৮৫৮	৬৮১৬৪	৭৬৯৬১	৮৫৬৪২	৯৫৬৪২	১০৯৫১৪	১২৬৫৫৩
১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম	৫৪৬০০	৬৩৫১৫	৭৩৩৬৫	৮৬৮১১	১০১৫২২	১১৮৫০০	১৩৮২০৭	১৫৯৭৬৮
১৮। শিল্পকলা ও বিনোদন	৩০০৭	৩৩৬৫	৩৭৭২	৪২৪৪	৪৭৬১	৫৩৪১	৬০৭৪	৬৮৯৯
১৯। অন্যান্য সেবা কার্যক্রম	১১৩১৭৭	১২৪৪২৯	১৩৬৭৮৩	১৫০৬৯১	১৬৫২৫০	১৮০৬৭৭	১৯৯৮৮৬	২২১০৬২
চলতি মূল্যে মোট মূল্য সংযোজন	১৯৮৭৪২৮	২২২১৭৯৩	২৫১৬৬০৩	২৮২৩৮৪৩	৩০৫৭০৪৮	৩৩৯৭৮২০	৩৮১৯৮২৯	৪২৭৪৩৩৭
বৃদ্ধির হার (%)	-	১১.৭৯	১৩.২৭	১২.২১	৮.২৬	১১.১৫	১২.৪২	১১.৯০
ভর্তুকি ব্যতিরেকে কর	৮৮৩৯৪	১০২৫১৪	১২২৬৪৫	১২৭৫৮৬	১১৩৪২২	১৩২৩৬৬	১৫১৮৮৮	১৬৪৯৩৬
ভিত্তি বাজার মূল্যে জিডিপি	**২০৭৫৮২১**	**২৩২৪৩০৭**	**২৬৩৯২৪৮**	**২৯৫১৪২৯**	**৩১৭০৪৬৯**	**৩৫৩০১৮৫**	**৩৯৭১৭১৬**	**৪৪৩৯২৭৩**
প্রবৃদ্ধির হার (%)	-	**১১.৯৭**	**১৩.৫৫**	**১১.৮৩**	**৭.৪২**	**১১.৩৫**	**১২.৫১**	**১১.৭৭**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

স্থির মূল্যে খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মুল্যে বা স্থির মূল্যে (Base Price or Constant Price) ২০১৬-১৭ হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার সারণি ২.৩ এবং বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার লেখচিত্র ২.১ -এ দেখানো হলোঃ

সারণি ২.৩: ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার

(শতকরা হার)

খাত/উপখাত	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
ক. কৃষি	**৩.২০**	**৩.৫৪**	**৩.২৬**	**৩.৪২**	**৩.১৭**	**৩.০৫**	**২.৬১**
১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ	**৩.২০**	**৩.৫৪**	**৩.২৬**	**৩.৪২**	**৩.১৭**	**৩.০৫**	**২.৬১**
ক) শস্য ও শাকসবজি	২.২২	২.৭৫	২.০৭	২.৫০	২.২৯	২.৬১	২.২৬
খ) প্রাণি সম্পদ	২.৭৭	২.৯০	৩.০১	৩.১৯	২.৯৪	৩.১০	৩.২৩
গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা	৫.০০	৫.০৮	৫.১৩	৫.৩৪	৪.৯৮	৫.০৮	৫.১৬
ঘ) মৎস্য সম্পদ	৪.৭৩	৪.৯৩	৪.৯৯	৪.৪০	৪.১১	২.৬৪	১.১৪
খ. শিল্প	**৮.২৭**	**১০.২০**	**১১.৬৩**	**৩.৬১**	**১০.২৯**	**৯.৮৬**	**৮.১৮**
২। খনিজ ও খনন	**১৭.২৯**	**৯.৫৫**	**১১.৩১**	**৩.১৬**	**৬.৪৯**	**-১.১২**	৫.৭৪
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল	-০.৩৪	০.০৪	-০.৫৭	-৪.৪৭	০.৩২	-৪.৬৭	-১.১৭
খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা	২৬.৬৭	১৩.৫৩	১৫.৬৯	৫.৫৮	৮.২৬	-০.১৭	৭.৫০
৩। শিল্প (ম্যানুঃ)	**৭.০৯**	**১০.৪৫**	**১২.৩৩**	**১.৬৮**	**১১.৫৯**	**১১.৪১**	**৯.২৩**
ক) বৃহৎ শিল্প	৪.৬৩	১১.০৮	১২.৭৯	০.৪১	১০.৬১	১৫.৬৮	৮.৪৬
খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প	১০.০৬	১১.১০	১০.৬১	২.৬৯	১৩.৮৯	৪.৮৪	৯.৭৩
গ) কুটির শিল্প	৯.২৯	৭.৪৫	১৪.১৭	৩.৬৭	১০.২৭	১১.১২	১০.৬৯
৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা	**৭.০৭**	**৮.২৭**	**৮.২৪**	**০.৬৭**	**৯.৫৪**	**৬.১৫**	**৪.৫৪**
ক) বিদ্যুৎ	৮.৭৮	১০.০৯	১০.২২	১.৮৭	১১.৬৫	৭.৭৫	৫.৬৩
খ) গ্যাস	২.০৬	২.৬০	১.৬২	-৩.৬৮	১.৪৫	-০.৬১	-০.৪৬
৫। পানি সরবরাহ; পয়নিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুর্নব্যবহার কার্যক্রম	**৩.৬৩**	**২.৯৬**	**৬.৩১**	**২.১৮**	**৬.৬৫**	**৯.৫৪**	**১০.০২**
৬। নির্মাণ	**৯.৭৬**	**১০.০৬**	**১০.৪৭**	**৯.১৩**	**৮.০৮**	**৮.৭১**	**৬.৪১**
গ. সেবা	**৬.৩৭**	**৬.৫৫**	**৬.৮৮**	**৩.৯৩**	**৫.৭৩**	**৬.২৬**	**৫.৮৪**
৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত	**৮.২২**	**৮.৭৪**	**৮.৮৫**	**৩.২১**	**৭.৬৪**	**৮.৪৬**	**৬.৬৫**
৮। পরিবহণ এবং সংরক্ষণ	**৬.১৩**	**৬.৭৪**	**৭.০১**	**১.৭৩**	**৪.০৪**	**৫.৭৫**	**৫.৯৯**
ক) স্থল পথ পরিবহণ	৬.৫৩	৭.০৮	৭.৪২	১.৭৪	৪.৬৮	৬.০৮	৬.৪৬
খ) পানি পথ পরিবহণ	১.০৭	১.৫৫	১.৪৫	০.৭৫	১.৮০	১.২২	-১.৭৮
গ) আকাশ পথ পরিবহণ	১২.৬১	৯.৭৮	৭.০৮	১.২৯	-২.০০	৩.৮৪	৫.১২
ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা	৬.৩৫	৯.১০	৮.৭৬	৩.৪২	-৪.৯৯	৭.৪৩	৯.০৮
ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ	৩.২৩	৫.৪৪	৪.৪৮	২.০৭	৩.৩৪	১.৭৬	৪.০৮
৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম	**৫.৩৯**	**৫.৫২**	**৫.৬৪**	**১.৬৯**	**৪.৫৩**	**৫.৩৭**	**৫.৮৯**
১০। তথ্য ও যোগাযোগ	**৮.৩৫**	**৬.৭৭**	**৭.৩৬**	**৬.৫৭**	**৭.১১**	**৪.৭৯**	**৫.৪২**
১১। আর্থিক এবং বীমা কার্যক্রম	**৫.৩০**	**৬.৯৪**	**৮.২৫**	**৪.৭২**	**৫.৮২**	**৫.৮৭**	**৫.৭৬**
ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক)	৫.২৩	৭.৪১	৮.৬২	৪.৯৪	৫.৯৬	৬.০৯	৫.৯২
খ) বীমা	২.০৭	৩.০৪	৪.৫৪	২.১৬	৩.২২	৩.১৪	৩.৮৬
গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম	১১.৮৬	৬.৪৬	৮.৫৯	৫.৩৮	৭.৪৮	৬.৪৮	৬.১১
১২। রিয়েল এস্টেট কার্যক্রম	**৩.৩৩**	**৩.৪৮**	**৩.৬১**	**৩.৬৮**	**৩.৪২**	**৩.৭০**	**৩.৮৭**
১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম	**৩.৯৭**	**৪.০৮**	**৪.১৭**	**৩.৩৮**	**৫.০৯**	**৪.২৫**	**৪.৩৭**
১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম	**৬.৪০**	**৭.৭৪**	**৮.১৭**	**৬.৩৩**	**৬.০২**	**৬.০১**	**৬.১৩**
১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা	**১১.২৩**	**৮.৬৭**	**৬.৪৯**	**৫.৪৯**	**৬.০৫**	**৪.৯১**	**৬.৯৫**
১৬। শিক্ষা	**৫.৯৫**	**৫.৮৯**	**৭.০৬**	**৫.৩৩**	**৫.৮১**	**৭.৮৭**	**৬.৮৮**
১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম	**১০.৩৩**	**৯.২০**	**১২.২০**	**১০.৭০**	**১০.৬০**	**৯.৮৮**	**৮.৩৬**
১৮। শিল্পকলা ও বিনোদন	**৪.৯৮**	**৫.২৪**	**৫.৪৮**	**৫.৪৩**	**৫.৭৬**	**৬.০৭**	**৬.৩৬**
১৯। অন্যান্য সেবা কার্যক্রম	**৩.১৪**	**৩.২২**	**৩.২৭**	**৩.০৬**	**৩.০৮**	**৩.১৯**	**৩.২৭**
ভিত্তি বাজার মূল্যে স্থুল মূল্য সংযোজন	**৬.৫৪**	**৭.৩৪**	**৮.০১**	**৩.৭৬**	**৭.০০**	**৭.১৭**	**৬.৩৩**
ভর্তুকি ব্যতিরেকে কর	**৭.৬৪**	**৬.৭৫**	**৪.৯৪**	**-৩.৬৫**	**৫.৩৩**	**৫.৪৩**	**-১.৭৫**
ভিত্তি বাজার মূল্যে জিডিপি	**৬.৫৯**	**৭.৩২**	**৭.৮৮**	**৩.৪৫**	**৬.৯৪**	**৭.১০**	**৬.০৩**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

লেখচিত্র ২.১: স্থিরমূল্যে বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার (%)



* সাময়িক

কৃষি খাত

সাময়িক হিসাব অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে কৃষি খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ২.৬১ শতাংশ, যা পূর্ববর্তী ২০২১-২২ অর্থবছরে ছিল ৩.০৫ শতাংশ। এ সময়ে কৃষি খাতের চারটি উপখাতের মধ্যে শস্য ও শাকসবজি এবং মৎস্য উপখাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় হ্রাস পেয়েছে। তবে প্রাণিসম্পদ এবং বনজসম্পদ উপখাতের প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে।

২০২২-২৩ অর্থবছরে খাদ্যশস্যের মোট উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৮৪.৯৮ লক্ষ মেট্রিক টন, গত অর্থবছরে প্রকৃত উৎপাদন হয়েছে ৪৫৮.৯৬ লক্ষ মেট্রিক টন। চলতি অর্থবছরে ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে ৪১৫.৬৯ লক্ষ মেট্রিক টন, যার মধ্যে ৩৬.৯০ লক্ষ মেট্রিক টন আউশ, ১৬৩.৪৫ লক্ষ মেট্রিক টন আমন ও ২১৫.৩৪ লক্ষ মেট্রিক টন বোরো। এছাড়াও, ১১.৬০ লক্ষ মেট্রিক টন গম ও ৫৭.৬৮ লক্ষ মেট্রিক টন ভুট্টার উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। মৎস্য অধিদপ্তরের হিসাবে ২০২২-২৩ অর্থবছরে মোট মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ৪৭.৮১ লক্ষ মেট্রিক টন (অভ্যন্তরীণ উৎস হতে ৪০.৭৫ লক্ষ মেট্রিক টন ও সামুদ্রিক উৎস হতে ৭.০৬ লক্ষ মেট্রিক টন) নির্ধারণ করা হয়েছে, পূর্ববর্তী অর্থবছরে মোট উৎপাদনের পরিমাণ ছিল ৪৭.৫৯ লক্ষ মেট্রিক টন (অভ্যন্তরীণ উৎস হতে ৪০.৫৩ লক্ষ মেট্রিক টন ও সামুদ্রিক উৎস হতে ৭.০৬ লক্ষ মেট্রিক টন)।

শিল্প খাত

কোভিড-১৯ মহামারির কারণে ২০১৯-২০ অর্থবছরে শিল্প উৎপাদন ব্যাপকভাবে হ্রাস পায়। এ সময়ে শিল্প খাতের প্রবৃদ্ধি পূর্ববর্তী অর্থবছরের ১১.৬৩ শতাংশ থেকে হ্রাস পেয়ে ৩.৬১ শতাংশে দাঁড়ায়। তবে ২০২০-২১ অর্থবছরে শিল্প খাত ঘুরে দাঁড়ায় এবং এ খাতের প্রবৃদ্ধি দাঁড়ায় ১০.২৯ শতাংশে। কিন্তু ২০২১-২২ অর্থবছরে রাশিয়া-ইউক্রেন সংকটের কারণে শিল্প খাতে প্রবৃদ্ধি পুনরায় হ্রাস পেয়ে দাঁড়ায় ৯.৮৬ শতাংশে। সাময়িক হিসাবে ২০২২-২৩ অর্থবছরে শিল্পখাতের প্রবৃদ্ধি দাঁড়াবে ৮.১৮ শতাংশে।

শিল্প খাতের অন্তর্ভূক্ত খনিজ ও খনন খাতে ২০২০-২১ অর্থবছরে ৬.৪৯ শতাংশ প্রবৃদ্ধির স্থলে ২০২১-২২ অর্থবছরে এই খাতের আকার ১.১২ শতাংশ হ্রাস পেয়েছে। চলতি ২০২২-২৩ অর্থবছরে এ খাতের প্রবৃদ্ধি পুনরায় বৃদ্ধি পেয়ে ৫.৭৪ শতাংশ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ম্যানুফ্যাকচারিং খাতের প্রবৃদ্ধি ২০২০-২১ অর্থবছরের ১১.৫৯ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২০২১-২২ অর্থবছরে ১১.৪১ শতাংশে পৌঁছেছে। সাময়িক হিসাব অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরে এ খাতের প্রবৃদ্ধি হ্রাস পেয়ে ৯.২৩ শতাংশে দাঁড়িয়েছে। তন্মধ্যে,

বৃহৎ শিল্প খাতের প্রবৃদ্ধি ৮.৪৬ শতাংশ, ছোট (micro), মাঝারি এবং ক্ষুদ্র শিল্প খাতে ৯.৭৩ শতাংশ এবং কুটির শিল্প খাতের প্রবৃদ্ধি ১০.৬৯ শতাংশ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রণীত 'Index of Industrial Production of Manufacturing on Large Scale', (ভিত্তিবছরঃ ২০১৫-১৬) অনুসারে ২০২২-২৩ অর্থবছরের প্রথম ৪ মাসে (জুলাই-অক্টোবর, ২০২২) গড়ে বৃহৎ ম্যানুফ্যাকচারিং শিল্প উপখাতে সাধারণ শিল্প উৎপাদন সূচক পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের উৎপাদন সূচক ১৮৮.৭৮ পয়েন্ট থেকে ০.২৫ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১৮৯.২৬ পয়েন্টে। এ সময় টেক্সটাইল খাতে উৎপাদন সূচক বৃদ্ধি পেয়েছে ৮.০০ শতাংশ, চামড়া ও চামড়াজাত পণ্য খাতে ৫৯.১৬ শতাংশ এবং মেশিনারি খাতে ১৪.৫৬ শতাংশ। অন্যদিকে এ সময় উৎপাদন সূচক হ্রাস পেয়েছে তৈরি পোশাক খাতে ১.২৮ শতাংশ ও খাদ্য পণ্য খাতে ১৪.৯১ শতাংশ।

এছাড়া, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রণীত 'Index of Industrial Production of Manufacturing on SMMe Scale', (ভিত্তিবছরঃ ২০১৫-১৬) অনুসারে ২০২২-২৩ অর্থবছরের প্রথম ৪ মাসে (জুলাই-অক্টোবর, ২০২২) গড়ে SMMe (Small, Medium and Micro Enterprise) ম্যানুফ্যাকচারিং শিল্প উপখাতে সাধারণ শিল্প উৎপাদন সূচক পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের উৎপাদন সূচক ১৮১.৮৬ পয়েন্ট থেকে ৮.২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১৯৬.৯০ পয়েন্টে। এ সময় টেক্সটাইল খাতে উৎপাদন সূচক হ্রাস পেয়েছে ১.৭৩ শতাংশ, চামড়া ও চামড়াজাত পণ্য খাতে বৃদ্ধি পেয়েছে ১১.২৪ শতাংশ এবং তৈরি পোশাক খাতে বৃদ্ধি পেয়েছে ২২.৭০ শতাংশ।

চলতি অর্থবছরে শিল্প খাতভুক্ত অন্যান্য খাত যেমন: 'বিদ্যুৎ, গ্যাস, বাষ্প (Steam) এবং শিতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা' খাতের প্রবৃদ্ধি দাঁড়াবে ৪.৫৪ শতাংশ, পূর্ববর্তী অর্থবছরে এ খাতে প্রবৃদ্ধি হয়েছিল ৬.১৫ শতাংশ। অন্যদিকে, নির্মাণ খাতে ২০২১-২২ অর্থবছরের প্রবৃদ্ধির হার ২০২০-২১ অর্থবছরের প্রবৃদ্ধি ৮.০৮ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৮.৭১ শতাংশে এবং চলতি অর্থবছরে তা হ্রাস পেয়ে ৬.৪১ শতাংশে দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

সেবা খাত

২০০৫-০৬ ভিত্তি বছরের জিডিপিতে বৃহৎ সেবা (broad service) খাতের অর্ন্তগত ৯টি খাত থেকে ২০১৫-১৬ অর্থবছরের জিডিপিতে খাতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩টি। চূড়ান্ত হিসাবে ২০২১-২২ অর্থবছরে বৃহৎ সেবা খাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের ৫.৭৩ শতাংশের তুলনায় ০.৫৩ পার্সেন্টেজ পয়েন্ট বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬.২৬ শতাংশ। সাময়িক হিসাব অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে সেবা খাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৫.৮৪ শতাংশ। এরমধ্যে পাইকারি ও খুচরা ব্যবসা খাতের প্রবৃদ্ধি ৬.৬৫ শতাংশ, পরিবহণ ও সংরক্ষণ খাতে প্রবৃদ্ধি ৫.৯৯ শতাংশ, আবাসন ও খাদ্য পরিবেশন কার্যক্রম ৫.৮৯ শতাংশ, তথ্য ও যোগাযোগ ৫.৪২ শতাংশ, আর্থিক ও বীমা কার্যক্রম ৫.৭৬ শতাংশ, শিক্ষা ৬.৮৮ শতাংশ এবং মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম ৮.৩৬ শতাংশ উল্লেখযোগ্য।

স্থির মূল্যে জিডিপিতে খাতসমূহের অবদান

সাময়িক হিসাবে ২০২২-২৩ অর্থবছরে স্থির মূল্যে জিডিপিতে কৃষি খাতের অবদান ১১.২০ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১১.৬১ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরে স্থির মূল্যে বৃহৎ শিল্প খাতের মধ্যে ম্যানুফ্যাকচারিং খাত এবং নির্মাণ খাতের অবদান বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ২৪.৯৫ শতাংশ এবং ৯.৫৫ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল যথাক্রমে ২৪.২৯ শতাংশ এবং ৯.৫৪ শতাংশ। সার্বিকভাবে ২০২২-২৩ অর্থবছরে স্থির মূল্যের জিডিপিতে বৃহৎ শিল্প খাতের অবদান বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩৭.৫৬ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৩৬.৯২ শতাংশ। সাময়িক হিসাবে ২০২২-২৩ অর্থবছরের জিডিপি'তে বৃহৎ সেবা খাতের অবদান দাঁড়িয়েছে ৫১.২৪ শতাংশ, যা পূববর্তী অর্থবছরে ছিল ৫১.৪৮ শতাংশ। এরমধ্যে সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পাইকারি ও খুচরা ব্যবসা খাতের অবদান ছিল সর্বোচ্চ (১৫.২৯%) এবং রিয়েল এস্টেট খাতের অবদান দ্বিতীয় সর্বোচ্চ (৭.৯৩%)। এসময়ে পরিবহণ, সংরক্ষণ খাতের অবদান দাঁড়িয়েছে ৭.৩২ শতাংশে যার মধ্যে ৬.৫০ শতাংশই হলো সড়ক পরিবহণ খাতের অবদান। পরবর্তী অবস্থানসমূহে রয়েছে জনপ্রশাসন ও প্রতিরক্ষা (৩.৪৭%), মানবস্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম (৩.৪৬%) এবং আর্থিক ও বীমা কার্যক্রম (৩.১৭%) উল্লেখযোগ্য। সারণি ২.৪-এ ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার উপস্থাপন করা হয়েছে।

সারণি ২.৪: ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার

(শতাংশ)

খাত/উপখাত	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
ক. কৃষি	**১৪.০৬**	**১৩.৬২**	**১৩.১৪**	**১২.৫৬**	**১২.৫২**	**১২.০৭**	**১১.৬১**	**১১.২০**
১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ	**১৪.০৬**	**১৩.৬২**	**১৩.১৪**	**১২.৫৬**	**১২.৫২**	**১২.০৭**	**১১.৬১**	১১.২০
ক) শস্য ও শাকসবজি	৬.৯৬	৬.৬৮	৬.৩৯	৬.০৪	৫.৯৬	৫.৭০	৫.৪৬	৫.২৫
খ) প্রাণি সম্পদ	২.৩৫	২.২৬	২.১৭	২.০৭	২.০৬	১.৯৮	১.৯১	১.৮৫
গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা	১.৮৭	১.৮৪	১.৮১	১.৭৬	১.৭৮	১.৭৫	১.৭২	১.৭০
ঘ) মৎস্য সম্পদ	২.৮৯	২.৮৪	২.৭৭	২.৭০	২.৭১	২.৬৪	২.৫৩	২.৪১
খ. শিল্প	**৩২.৪৫**	**৩২.৯৮**	**৩৩.৮৫**	**৩৪.৯৯**	**৩৪.৯৪**	**৩৬.০১**	**৩৬.৯২**	**৩৭.৫৬**
২। খনিজ ও খনন	**১.৬৬**	**১.৮৩**	**১.৮৭**	**১.৯৩**	**১.৯১**	**১.৯১**	**১.৭৬**	১.৭৫
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল	০.৫৮	০.৫৪	০.৫০	০.৪৬	০.৪৩	০.৪০	০.৩৬	০.৩৩
খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা	১.০৯	১.২৯	১.৩৬	১.৪৬	১.৪৯	১.৫১	১.৪০	১.৪২
৩। শিল্প (ম্যানুঃ)	**২১.২৫**	**২১.৩৬**	**২১.৯৮**	**২২.৮৬**	**২২.৪০**	**২৩.৩৬**	**২৪.২৯**	২৪.৯৫
ক) বৃহৎ শিল্প	১১.১৩	১০.৯৩	১১.৩১	১১.৮১	১১.৪৩	১১.৮১	১২.৭৫	১৩.০১
খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প	৬.৫০	৬.৭১	৬.৯৫	৭.১১	৭.০৪	৭.৪৯	৭.৩৩	৭.৫৭
গ) কুটির শিল্প	৩.৬৩	৩.৭২	৩.৭৩	৩.৯৪	৩.৯৪	৪.০৬	৪.২১	৪.৩৮
৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা	**১.২৪**	**১.২৪**	**১.২৫**	**১.২৬**	**১.২২**	**১.২৫**	**১.২৩**	১.২১
ক) বিদ্যুৎ	০.৯২	০.৯৪	০.৯৬	০.৯৮	০.৯৭	১.০১	১.০১	১.০১
খ) গ্যাস	০.৩১	০.৩০	০.২৯	০.২৭	০.২৫	০.২৪	০.২২	০.২১
৫। পানি সরবরাহ; পয়নিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুর্নব্যবহার কার্যক্রম	**০.১১**	**০.১০**	**০.১০**	**০.১০**	**০.১০**	**০.১০**	**০.১০**	০.১০
৬। নির্মাণ	**৮.১৯**	**৮.৪৪**	**৮.৬৫**	**৮.৮৫**	**৯.৩১**	**৯.৪০**	**৯.৫৪**	৯.৫৫
গ. সেবা	**৫৩.৪৯**	**৫৩.৪০**	**৫৩.০১**	**৫২.৪৫**	**৫২.৫৪**	**৫১.৯২**	**৫১.৪৮**	**৫১.২৪**
৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত	**১৪.৫২**	**১৪.৫২**	**১৪.৭৫**	**১৪.৯৪**	**১৫.০৫**	**১৫.০৬**	**১৫.২৪**	১৫.২৯
৮। পরিবহণ এবং সংরক্ষণ	**৭.৯৫**	**৭.৯২**	**৭.৮৮**	**৭.৮০**	**৭.৬৫**	**৭.৪৪**	**৭.৩৪**	৭.৩২
ক) স্থল পথ পরিবহণ	৬.৮৯	৬.৮৯	৬.৮৭	৬.৮৪	৬.৭০	৬.৫৬	৬.৪৯	৬.৫০
খ) পানি পথ পরিবহণ	০.৬৫	০.৬২	০.৫৮	০.৫৫	০.৫৩	০.৫১	০.৪৮	০.৪৪
গ) আকাশ পথ পরিবহণ	০.০৮	০.০৯	০.০৯	০.০৯	০.০৯	০.০৮	০.০৮	০.০৮
ঘ) **সংরক্ষণ এবং সহায়ক সেবা**	**০.২৮**	**০.২৮**	**০.২৮**	**০.২৮**	**০.২৮**	**০.২৫**	**০.২৫**	০.২৬
ঙ) **ডাক ও কুরিয়ার যোগাযোগ**	**০.০৫**	**০.০৫**	**০.০৫**	**০.০৪**	**০.০৪**	**০.০৪**	**০.০৪**	০.০৪
৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম	**১.২০**	**১.১৯**	**১.১৭**	**১.১৪**	**১.১২**	**১.০৯**	**১.০৮**	১.০৭
১০। তথ্য ও যোগাযোগ	**১.২৫**	**১.২৭**	**১.২৬**	**১.২৬**	**১.২৯**	**১.২৯**	**১.২৬**	১.২৫
১১। আর্থিক এবং বীমা কার্যক্রম	**৩.২৭**	**৩.২৪**	**৩.২২**	**৩.২৩**	**৩.২৬**	**৩.২২**	**৩.১৯**	৩.১৭
ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক)	২.৭৭	২.৭৩	২.৭৩	২.৭৫	২.৭৮	২.৭৫	২.৭৩	২.৭২
খ) বীমা	০.৩২	০.৩১	০.২৯	০.২৮	০.২৮	০.২৭	০.২৬	০.২৫
গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম	০.১৯	০.২০	০.২০	০.২০	০.২০	০.২০	০.২০	০.২০
১২। রিয়েল এস্টেট কার্যক্রম	**৯.৬৯**	**৯.৩৯**	**৯.০৬**	**৮.৬৯**	**৮.৬৮**	**৮.৩৯**	**৮.১২**	৭.৯৩
১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম	**০.২০**	**০.১৯**	**০.১৯**	**০.১৮**	**০.১৮**	**০.১৮**	**০.১৭**	০.১৭
১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম	**০.৭২**	**০.৭২**	**০.৭২**	**০.৭২**	**০.৭৪**	**০.৭৩**	**০.৭২**	০.৭২
১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা	**.৩৬**	**৩.৫১**	**৩.৫৫**	**৩.৫০**	**৩.৫৬**	**৩.৫২**	**৩.৪৫**	৩.৪৭
১৬। শিক্ষা	**২.৭৪**	**২.৭৩**	**২.৬৯**	**২.৬৭**	**২.৭১**	**২.৬৮**	**২.৬৯**	২.৭১
১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম	**২.৭৫**	**২.৮৪**	**২.৮৯**	**৩.০১**	**৩.২১**	**৩.৩২**	**৩.৪০**	৩.৪৬
১৮। শিল্পকলা ও বিনোদন	**০.১৫**	**০.১৫**	**০.১৫**	**০.১৪**	**০.১৫**	**০.১৪**	**০.১৪**	০.১৪
১৯। অন্যান্য সেবা কার্যক্রম	**৫.৬৯**	**৫.৫১**	**৫.৩০**	**৫.০৭**	**৫.০৩**	**৪.৮৫**	**৪.৬৭**	৪.৫৪
ভিত্তি মূল্যে মোট মূল্য সংযোজন	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

জিডিপিতে সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন সারণি ২.৫ ও লেখচিত্র ২.২ -এ দেখানো হলো। সারণি থেকে দেখা যাচ্ছে যে, জিডিপিতে কৃষি থেকে শিল্প খাতের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা ২০২২-২৩ অর্থবছরেও অব্যাহত আছে। কৃষি খাতের তুলনায় শিল্প খাত বিশেষতঃ ম্যানুফ্যাকচারিং শিল্প খাতে উৎপাদনশীলতা বেশি হওয়ায় জিডিপিতে এ খাতের অবদান বৃদ্ধি পেয়েছে।

সারণি ২.৫ঃ স্থির মূল্যে দেশজ উৎপাদ, সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা

অবদান (শতকরা হার)														
খাত	১৯৮৫-৮৬	১৯৯০-৯১	১৯৯৫-৯৬	২০০০-০১	২০০৫-০৬	২০১০-১১	২০১৪-১৫	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
কৃষি	৩১.১৫	২৯.২৩	২৫.৬৮	২৫.০৩	১৯.০১	১৮.০১	১৬.০০	১৩.৬২	১৩.১৪	১২.৫৬	১২.৫২	১২.০৭	১১.৬১	১১.২০
শিল্প	১৯.১৩	২১.০৪	২৪.৮৭	২৬.২০	২৫.৪০	২৭.৩৮	৩০.৪২	৩২.৯৮	৩৩.৮৫	৩৪.৯৯	৩৪.৯৪	৩৬.০১	৩৬.৯২	৩৭.৫৬
সেবা	৪৯.৭৩	৪৯.৭৩	৪৯.৪৫	৪৮.৭৭	৫৫.৫৯	৫৪.৬১	৫৩.৫৮	৫৩.৪০	৫৩.০১	৫২.৪৫	৫২.৫৪	৫১.৯২	৫১.৪৮	৫১.২৪
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
প্রবৃদ্ধি (শতকরা হার)														
কৃষি	৩.৩১	২.২৩	৩.১০	৩.১৪	৫.৫০	৪.৪৬	৩.৩৩	৩.২০	৩.৫৪	৩.২৬	৩.৪২	৩.১৭	৩.০৫	২.৬১
শিল্প	৬.৭২	৪.৫৭	৬.৯৮	৭.৪৫	৯.৮০	৯.০২	৯.৬৭	৮.২৭	১০.২০	১১.৬৩	৩.৬১	১০.২৯	৯.৮৬	৮.১৮
সেবা	৪.১০	৩.২৮	৩.৯৬	৫.৫৩	৬.৬০	৬.২২	৫.৮০	৬.৩৭	৬.৫৫	৬.৮৮	৩.৯৩	৫.৭৩	৬.২৬	৫.৮৪
জিডিপি (উৎপাদন মূল্যে)	৩.৩৪	৩.২৪	৪.৪৭	৫.৪১	৭.১৮	৬.৬৪	৬.৫৪	৬.৫৪	৭.৩৪	৮.০১	৩.৭৬	৭.০০	৭.১৭	৬.৩৩

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ।* সাময়িক

নোটঃ ২০০০-০১ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহের ভিত্তিবছর: ১৯৯৫-৯৬, ২০৯৬-৯৭ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহের ভিত্তিবছর: ২০০৫-০৬ এবং ২০১৬-১৭ অর্থবছর থেকে উপাত্তসমূহের ভিত্তিবছর: ২০১৫-১৬।

লেখচিত্র ২.২ থেকে দেখা যাচ্ছে যে, ২০০৫-০৬ অর্থবছরের পূর্বে সেবা খাতের অবদান ছিল জিডিপি'র প্রায় ৫০ শতাংশ। ২০০৫-০৬ অর্থবছরে এ হার ৫৫.৫৯ শতাংশে উন্নীত হয়। তবে সাম্প্রতিক বছরসমূহে সেবা খাতের অবদান ৫১-৫৩ শতাংশের মধ্যে রয়েছে।

লেখচিত্র ২.২: স্থিরমূল্যে জিডিপিতে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা



* সাময়িক

ব্যয়ভিত্তিক জিডিপি

সাময়িক হিসাবে ২০২২-২৩ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র শতকরা হারে পূর্ববর্তী অর্থবছরের ৭৪.৭৮ শতাংশ হতে হ্রাস পেয়ে ৭৩.৯৮ শতাংশে দাঁড়িয়েছে। এর মধ্যে সরকারি ৫.৭৫ শতাংশ এবং বেসরকারি ৬৮.২৩ শতাংশ। অন্যদিকে, ২০২২-২৩ অর্থবছরে দেশজ সঞ্চয়ের হার বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ২৬.০২ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল জিডিপি'র ২৫.২২ শতাংশ। জাতীয় সঞ্চয়ের

হার পূর্ববর্তী অর্থবছরের ২৯.৩৫ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ২০২২-২৩ অর্থবছরে ৩০.২২ শতাংশে দাঁড়িয়েছে।

সারণি ২.৬-এ ব্যয়ভিত্তিতে নিরূপিত জিডিপি ও সারণি ২.৭-এ জিডিপি'র শতকরা হারে ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ পরিস্থিতি এবং লেখচিত্র ২.৩ এ জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় গতিধারা তুলে ধরা হয়েছে।

সারণি ২.৬ ঃ চলতি বাজারমূল্যে ব্যয়ভিত্তিক জিডিপি

(কোটি টাকায়)

খাত	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
১. অভ্যন্তরীণ চাহিদা [(২)+(৩)]	**২১৩৭৪৬৩**	**২৪১৪৫১৬**	**২৭৮১০১৩**	**৩১০৮৭২১**	**৩৩০৪৫৯১**	**৩৭৩০৫৯১**	**৪২৪২৭০২**	**৪৬৭১৪৯৬**
২. ভোগ	**১৫০৯৭৩৯**	**১৬৯৫২১৬**	**১৯৪১১৩৬**	**২১৫৭৯৫৫**	**২৩১১৯৮২**	**২৬৩৫৫৭২**	**২৯৬৯৮৭৫**	**৩২৮৪০৪৭**
বেসরকারি	১৩৮৭৯৮৬	১৫৫৫২৩৯	১৭৮৩৮৫৯	১৯৭৩৮৪০	২১২২৬৬৭	২৪২৭৯০০	২৭৪৩৫২৭	৩০২৮৮৫৪
সরকারি	১২১৭৫৩	১৩৯৯৭৮	১৫৭২৭৭	১৮৪১১৬	১৮৯৩১৫	২০৭৬৭২	২২৬৩৪৮	২৫৫১৯৩
৩. বিনিয়োগ	**৬২৭৭২৩**	**৭১৯৩০০**	**৮৩৯৮৭৭**	**৯৫০৭৬৫**	**৯৯২৬০৯**	**১০৯৫০১৯**	**১২৭২৮২৭**	**১৩৮৭৪৫০**
বেসরকারি	৪৯২০৫৬	৫৪৯৯৪২	৬৫৮৩৩৪	৭৪৫২২৮	৭৬১৪০৭	৮৩৬৬৮২	৯৭৩৬৭১	১০৪৯৬৪৩
সরকারি	১৩৫৬৬৮	১৬৯৩৫৮	১৮১৫৪২	২০৫৫৩৮	২৩১২০২	২৫৮৩৩৭	২৯৯১৫৬	৩৩৭৮০৬
৪. নীট রপ্তানি	-৭২৪৮২	-১০১৩৪৫	-১৮৯১০৪	-১৫৯০৩৯	-১৭০৭৫৭	-২২৫৮৭৭	-৩১৮৩৫৪	-২৫৫৪২৮
৫. স্থূল দেশজ ব্যয়	**২০৬৪৯৮০**	**২৩১৩১৭১**	**২৫৯১৯০৯**	**২৯৪৯৬৮২**	**৩১৩৩৮৩৪**	**৩৫০৪৭১৪**	**৩৯২৪৩৪৮**	**৪৪১৬০৬৯**
৬. মোট দেশজ উৎপাদ	**২০৭৫৮২১**	**২৩২৪৩০৭**	**২৬৩৯২৪৮**	**২৯৫১৪২৯**	**৩১৭০৪৬৯**	**৩৫৩০১৮৫**	**৩৯৭১৭১৬**	**৪৪৩৯২৭৩**
৭.পরিসংখ্যানিক ভ্রান্তি	১০৮৪১	১১১৩৬	৪৭৩৩৯	১৭৪৭	৩৬৬৩৬	২৫৪৭১	৪৭৩৬৮	২৩২০৫

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক।

২০২১-২২ অর্থবছরে বিনিয়োগ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১.০৩ পার্সেন্টেজ পয়েন্ট বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ৩২.০৫ শতাংশে। এর মধ্যে সরকারি ও বেসরকারি বিনিয়োগ যথাক্রমে জিডিপির ৭.৫৩ শতাংশ ও ২৪.৫২ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরে সাময়িক হিসাবে বিনিয়োগ জিডিপি'র শতকরা হারে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় হ্রাস পেয়েছে। ২০২২-২৩ অর্থবছরে বিনিয়োগ হ্রাস পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ৩১.২৫ শতাংশে। পরিমানের দিক থেকে মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের ১২,৭২,৮২৭ কোটি টাকা হতে ৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৩,৮৭,৪৫০ কোটি টাকায় দাঁড়িয়েছে।

সারণি ২.৭ঃ ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র শতকরা হারে)

খাত	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩*
১. ভোগ	**৭২.৭৩**	**৭২.৯৩**	**৭৩.৫৫**	**৭৩.১২**	**৭২.৯২**	**৭৪.৬৬**	**৭৪.৭৮**	**৭৩.৯৮**
বেসরকারি	৬৬.৮৬	৬৬.৯১	৬৭.৫৯	৬৬.৮৮	৬৬.৯৫	৬৮.৭৮	৬৯.০৮	৬৮.২৩
সরকারি	৫.৮৭	৬.০২	৫.৯৬	৬.২৪	৫.৯৭	৫.৮৮	৫.৭০	৫.৭৫
২. বিনিয়োগ	**৩০.২৪**	**৩০.৯৫**	**৩১.৮২**	**৩২.২১**	**৩১.৩১**	**৩১.০২**	**৩২.০৫**	**৩১.২৫**
বেসরকারি	২৩.৭০	২৩.৬৬	২৪.৯৪	২৫.২৫	২৪.০২	২৩.৭০	২৪.৫২	২৩.৬৪
সরকারি	৬.৫৪	৭.২৯	৬.৮৮	৬.৯৬	৭.২৯	৭.৩২	৭.৫৩	৭.৬১
৩. দেশজ সঞ্চয়	**২৭.২৭**	**২৭.০৭**	**২৬.৪৫**	**২৬.৮৮**	**২৭.০৮**	**২৫.৩৪**	**২৫.২২**	**২৬.০২**
৪. জাতীয় সঞ্চয়	**৩২.১১**	**৩০.৭১**	**৩০.৬১**	**৩১.১৪**	**৩১.৪২**	**৩০.৭৯**	**২৯.৩৫**	**৩০.২২**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো । * সাময়িক।

লেখচিত্র ২.৩: জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় গতিধারা



* সাময়িক